

## এইচএসসি পরীক্ষা

## আইসিটি পরিক্ষায় বহিষ্কার ৪৫, অনুপস্থিত ১২৪১৯

সংবাদ অনলাইন রিপোর্ট

: রোববার, ২৭ আগস্ট ২০২৩



ফাইল ছবি

এইচএসসি ও সমমানের পরীক্ষার পঞ্চম দিনে আজ ১১টি শিক্ষা বোর্ডে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। এদিন অনুপস্থিত ছিলেন ১২ হাজার ৪১৯ জন পরীক্ষার্থী। এ দিন অনুপস্থিতির হার শূন্য দশমিক ৯৮ শতাংশ। এ ছাড়া অসদুপায় অবলম্বনের দায়ে ৪৫ জনকে বহিষ্কার করা হয়েছে। রোববার (২৭ আগস্ট) ঢাকা শিক্ষা বোর্ডের এক বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে জানানো হয়, ১১টি সাধারণ শিক্ষা বোর্ডের মধ্য ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীন সবচেয়ে বেশি ১ হাজার ৮৩৫ পরীক্ষার্থী অনুপস্থিত ছিলেন। এ ছাড়া রাজশাহীতে ১ হাজার ৩৯ জন, কুমিল্লায় ৬৪৯, যশোর শিক্ষা বোর্ডে ৭০৯, চট্টগ্রামে ৪৪৫, সিলেটে ৫২৪, বরিশালে ৪৪২, দিনাজপুরে ৮৪৬, ময়মনসিংহে ৪১৫, মাদরাসা শিক্ষা বোর্ডে ৩ হাজার ৯২৭ এবং কারিগরি শিক্ষা বোর্ড ১ হাজার ৫৮৮ পরীক্ষার্থী অনুপস্থিত ছিলেন।

অন্যদিকে উপস্থিত পরীক্ষার্থীদের মধ্যে আজ সারা দেশে ৪৫ জন শিক্ষার্থী বহিষ্কার হয়েছেন। বহিষ্কার হওয়ার শিক্ষার্থীদের মধ্যে ঢাকা বোর্ডে ১ জন, কুমিল্লায় ৪, যশোরে ১, বরিশালে ৬, দিনাজপুরে ১, ময়মনসিংহে ৩, মাদ্রাসা শিক্ষা বোর্ডে ৩ এবং কারিগরি শিক্ষা বোর্ডের ২৬ পরীক্ষার্থী রয়েছেন। রাজশাহী, চট্টগ্রাম ও সিলেট বোর্ডে একজনও বহিষ্কার হননি।